



ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified

Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217.
Tel:- 55138633-36 (PABX), Fax:- 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: egcb.gov.bd



নং- ২৭.২৭.২৬৬৬.১০১.০৩.২৫৪.১৬.৮৮১

তারিখঃ ০৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সার্কুলার

সম্প্রতি সারাদেশে তাপদাহ চলছে। এই তাপদাহে অনেকেই অসুস্থ হয়ে পড়ছেন। এই তাপদাহে অসুস্থ হওয়া রোধে ইজিসিবি লিঃ এর কর্মকর্তা-কর্মচারীগণকে নিম্নোক্ত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

- ১। পাতলা ও হালকা রঙের পোশাক পরা।
- ২। বাড়ির বাইরে থাকার সময় সরাসরি রোদ এড়িয়ে চলা।
- ৩। শরীরে পানিশূন্যতা এড়াতে অতিরিক্ত পানি ও শরবত পান করা।
- ৪। স্যালাইন পানিতে থাকা সোডিয়াম, পটাশিয়াম ও চিনি শরীর সজীব রাখতে বিশেষভাবে কার্যকর। দীর্ঘ সময় গরমে থাকলে স্যালাইন পান করা।
- ৫। গ্রীষ্মকালীন ফল দিয়ে তৈরি তাজা জুস পান করা।
- ৬। মাংস এড়িয়ে বেশি করে ফল ও সবজী খাওয়া।
- ৭। প্রস্রাবের রঙ খেয়াল করুন। প্রস্রাবের গাঢ় রঙ পানি স্বল্পতার লক্ষণ। সে অবস্থায় বেশি বেশি তরল জাতীয় খাবার খাওয়া।
- ৮। রোদে বের হবার পর সব সময় ছাতা বা ক্যাপ ব্যবহার করা।
- ৯। ত্বকে সূর্যের ক্ষতিকর রশ্মি থেকে রক্ষা করতে সানস্ক্রিন ব্যবহার করা।
- ১০। দিনের বেলায় অপ্রয়োজনে বাইরে না যাওয়া।
- ১১। অসুস্থতা বোধ করলে তাৎক্ষণিক ডাক্তারের পরামর্শ গ্রহণ করা।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ সার্কুলার জারি করা হলো।

(এস. এম. আতিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (এইচআর)
কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা।

নং- ২৭.২৭.২৬৬৬.১০১.০৩.২৫৪.১৬.৮৮১

তারিখঃ ০৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি লিঃ, ঢাকা।
- ২। নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ/পিএন্ডডি/ওএন্ডএম), ইজিসিবি লিঃ, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি লিঃ (আপনার অধিনস্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি লিঃ (আপনার অধিনস্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক (সকল) ইজিসিবি লিঃ (আপনার অধিনস্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অন্যান্য সকল কর্মকর্তা/কর্মচারী, ইজিসিবি লিঃ।
- ৭। অফিস কপি।

(এইচ. এম. সাইদুল ইসলাম)
ব্যবস্থাপক (প্রশাসন)
কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা।